

# একাদশ শ্রেণিতে ভর্তির ফল আজ

নিজস্ব  
প্রতিবেদক

২৩ জুন, ২০২৪  
০৪:৩৫

শেয়ার

অ +

অ -



একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি হতে প্রথম ধাপে প্রায় সাড়ে ১৩ লাখ শিক্ষার্থী আবেদন করেছে। আজ রবিবার রাত ৮টায় ভর্তির ফল প্রকাশ করা হবে। আবেদনের সময় ব্যবহৃত মোবাইল নম্বর থেকে এসএমএসের মাধ্যমে ফল জানানো হবে। এ ছাড়া একাদশে ভর্তিসংক্রান্ত ওয়েবসাইটেও ফল জানা যাবে।

ভর্তি নীতিমালা অনুযায়ী, শিক্ষার্থীরা সর্বনিম্ন পাঁচটি এবং সর্বোচ্চ ১০টি কলেজ বা সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রম দিয়ে আবেদনের সুযোগ পেয়েছে। একজন শিক্ষার্থীর মেধা (এসএসসি ও সমমানের ফল), কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির জন্য একটি শিক্ষাপ্রতিষ্ঠানে তার অবস্থান নির্ধারণ করা হচ্ছে। ঢাকা শিক্ষা বোর্ড সূত্র জানায়, প্রথম ধাপের ফল প্রকাশের পর থেকে ২৯ জুন পর্যন্ত নিশ্চায়ন করতে পারবে শিক্ষার্থীরা। এরপর ৩০ জুন থেকে দ্বিতীয় ধাপে আবেদন শুরু হবে, যা চলবে ২ জুলাই পর্যন্ত।

৪ জুলাই রাত ৮টায় দ্বিতীয় ধাপের ফল প্রকাশ করা হবে। এরপর টানা চার দিন ধরে চলবে দ্বিতীয় ধাপে নির্বাচিতদের নিশ্চায়ন প্রক্রিয়া।